



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EINN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiyamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com



স্মারক নং- ১৪/০৭ - ৩০৬৬৬

তারিখ: ১৯.১১.২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (বিবিএ) কোটার মেধা তালিকায়
ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে লালমাটিয়া সরকারি মহিলা কলেজে কোটার মেধা তালিকা ২১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪ টায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, কোটার মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৬ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।


২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের (বিবিএ) কোটার মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।


ক্রমিক	বিবরণ	তারিখ
১	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণের তারিখ:	২১/১১/২০২৪ থেকে ২৮/১১/২০২৪
২	জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইট থেকে ভর্তি ফরম পূরণ করার পর শিক্ষার্থীদেরকে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ২নং কাউন্টারে উপস্থিত হয়ে বিল সংগ্রহ করে কলেজ ক্যাম্পাসে অবস্থিত আইএফআইসি ব্যাংকের কালেকশন বুথে টাকা জমা দিয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উপরোক্ত প্রক্রিয়ায় ভর্তির টাকা জমা দেয়ার তারিখ:	২৪/১১/২০২৪ থেকে ৩০/১১/২০২৪

বিশেষ দ্রষ্টব্য: ভর্তি ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত) ছাড়া কোন ক্রমেই ভর্তি হওয়া যাবে না।

☐ ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
- সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।


19.11.2024
(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


১৯/১১/২৪